দৈনিক বাংলা

তারিখ ৩১।১২।৮১

পৃষ্ঠা- কলাম

013

# বিজ্ঞপ্তি

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮১-৮২ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের কাছ থেকে প্রাথমিক আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

১লা জানুয়ারী থেকে ১৬ই জানুয়ারী, ১৯৮২ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে। কলা, সামাজিক বিজ্ঞান, আইন, বাণিজ্য, বিজ্ঞান এবং জীব বিজ্ঞান অনুষদের অন্তর্গত বিভিন্ন বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ফরম সংশ্লিষ্ট অনুষদ অফিস থেকে সংগ্রহ করতে হবে। (সমাজকল্যাণে ভর্তির জন্য সামাজিক বিজ্ঞান অনুষদ থেকেই ফরম গ্রহণ করতে হবে।) ফরম পূরণ করে ঐ অফিসেই ১৬ই জানুয়ারী, ১৯৮২-এর মধ্যে জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার জন্য প্রত্যেক প্রার্থীকে ১০/- (দশ) টাকা ফিস দিতে হবে এবং আবেদনপত্রের ফরম সংগ্রহের সময়ই এই টাকা জমা দিতে হবে।

আবেদনপত্রের সাথে দুই কপি পাসপোর্ট আকারের ছবি এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা তার সমতুল্য পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোস্ট্যাট কপি জমা দিতে হবে। ফরম জমা দেয়ার সময় অনুষদ অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই সংগ্রহ করতে হবে।

প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা অনুযায়ী প্রতি বিভাগের জন্য নির্ধারিত আসনে প্রার্থী নির্বাচন করা হবে। ভর্তি পরীক্ষা উচ্চ মাধ্যমিক পর্যায়ে গঠিত বিষয় এবং সাধারন জ্ঞানের উপর নেয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রাথমিক আবেদনপত্রের সাথে প্রাপ্তব্য নির্দেশিকায় থাকবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অন্ততঃ দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং যে বিষয়ে ভর্তি হতে উচ্ছুক সে বিষয়ে বা তৎসঙ্গে সম্বন্ধযুক্ত বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কমপক্ষে ৪৫% নম্বর পেতে হবে। তবে মাধ্যমিক পরীক্ষায় ৩য় বিভাগ এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগ প্রাপ্ত এবং মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগ ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩য় বিভাগপ্রাপ্ত (গ্রেস নম্বর ব্যতীত ৪৩০ নম্বর পেয়ে থাকলে) প্রার্থীরাও ভর্তির জন্য আবেদন করতে পারবে। ১৯৭৯, ১৯৮০ এবং ১৯৮১ সনের উচ্চ মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে, শুধুমাত্র তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

অনুষদ ভিত্তিতে ভর্তি পরীক্ষা হবে এবং পরীক্ষার তারিখ পরে ঘোষণা করা হবে।

ডি—৩৩৫১